৩ মামলায় সাংবাদিক কাজলের বিচার শুরু

ডিজিটাল নিরাপত্তা আইনের পৃথক তিন মামলায় ফটো সাংবাদিক শফিকুল ইসলাম কাজলের বিরুদ্ধে অভিযোগ গঠন করেছেন আদালত। অভিযোগ গঠনের ফলে এ সব মামলার আনুষ্ঠানিক বিচার শুরু হয়েছে।

সোমবার (৮ নভেম্বর) ঢাকার সাইবার ট্রাইব্যুনালে বিচারক আসসামছ জগলুল হোসেন তার বিরুদ্ধে অভিযোগ গঠন করেন। এ সময় সাংবাদিক কাজল নিজেকে নির্দোষ দাবি করে ন্যায় বিচার দাবি করেন।

এর আগে রাজধানীর শেরেবাংলা নগর থানা, হাজারীবাগ ও কামরাঙ্গীরচর থানায় দায়ের করা মামলার অভিযোগ গঠন শুনানির জন্য ২১ অক্টোবর দিন ধার্য ছিল। এ দিন ট্রাইব্যুনালের বিচারক আসসামছ জগলুল হোসেন ছুটিতে থাকায় ভারপ্রাপ্ত বিচারক মো. ইকবাল হোসেন অভিযোগ গঠন শুনানির জন্য এ দিন ধার্য করেন।

গত বছরের ১১ মার্চ রাজধানীর চকবাজারের বাসা থেকে বের হয়ে ‘নিখোঁজ’ হন শফিকুল ইসলাম কাজল। ঢাকা থেকে নিখোঁজের ৫৩ দিন পর ২ মে রাতে যশোরের বেনাপোলে সীমান্তের সাদিপুর মাঠ থেকে ফটোসাংবাদিক ও দৈনিক পক্ষকালের সম্পাদক শফিকুল ইসলাম কাজলকে আটক করে বিজিবি।

পরদিন ৩ মে অনুপ্রবেশের অভিযোগে বিজিবির করা মামলায় আদালতে সাংবাদিক কাজলের জামিন মঞ্জুর হলেও পরে কোতোয়ালী মডেল থানায় ৫৪ ধারায় অপর একটি মামলায় তাকে গ্রেফতার দেখানো হয়। সেই থেকে কারাগারে ছিলেন কাজল।

এর আগে কাজলসহ ৩২ জনের বিরুদ্ধে ১০ মার্চ শেরেবাংলা নগর থানায় ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা করেন সংসদ সদস্য সাইফুজ্জামান শিখর। একই আইনে কামরাঙ্গীরচর ও হাজারীবাগ থানায় যুব মহিলা লীগের দুই নেত্রী আরও দুটি মামলা করেন। পৃথক মামলায় গত ৩ মে থেকে কারাগারেই ছিলেন কাজল। তিন মামলায় জামিন চেয়ে উচ্চ আদালতে আবেদন করেন তিনি। যার পরিপ্রেক্ষিতে শেরেবাংলা নগর থানার মামলায় গত ১৯ অক্টোবর হাইকোর্ট কাজলের জামিন প্রশ্নে রুল দেন। রুলের শুনানি শেষে তিনি ২৪ নভেম্বর হাইকোর্ট থেকে জামিন পান।

এদিকে কামরাঙ্গীরচর ও হাজারীবাগ থানার মামলায় এর আগে ৩ নভেম্বর হাইকোর্ট কাজলের জামিন প্রশ্নে রুল দিয়েছিলেন। চূড়ান্ত শুনানি শেষে গত ১৭ ডিসেম্বর তাকে জামিন দেন হাইকোর্ট। ২৫ ডিসেম্বর সকালে কেরানীগঞ্জে কেন্দ্রীয় কারাগার থেকে তিনি জামিনে মুক্তি পান। এ তিন মামলাই কাজলের বিরুদ্ধে অভিযোগপত্র দাখিল করে পুলিশ।

শৈলকুপায় স্কুলের নতুন ভবন উদ্বোধন করলেন এমপি আব্দুল হাই

ঝিনাইদহের শৈলকুপায় স্কুলের নতুন ভবনের শুভ উদ্বোধন করা হয়েছে। সোমবার দুপুরে উপজেলার নাদপাড়া যুব মিলন মাধ্যমিক বিদ্যালয়ের নতুন ভবন উদ্বোধন করেন ঝিনাইদহ জেলা আওয়ামীলীগের সভাপতি ও (শৈলকুপা-১) আসনের সংসদ সদস্য আব্দুল হাই। শুরুতে ফুলেল শুভেচ্ছা জানিয়ে অনুষ্ঠানের সূচনা করে স্কুলের শিক্ষাথীরা। ফিতা কেটে স্কুল ভবন উদ্বোধন করেন এমপি আব্দুল হাই। পরে এক আলোচনা সভার আয়োজন করা হয়।
এ সময় উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান শেফালি বেগম,ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক এম আব্দুল হাকিম আহমেদ,উপজেলা যুবলীগর সভাপতি শামীম হোসেন,শৈলকুপা থানা অফিসার ইনচার্জ রফকুল ইসলাম,ধলহরাচন্দ্র ইউনিয়নের চেয়ারম্যান মতিয়ার রহমান, সারুটিয়া ইউনিয়নের চেয়ারম্যান মাহমুদুল হাসান মামুন, স্কুলের প্রধান শিক্ষক মো: নুরুল ইসলাম সহ স্কুলের শিক্ষক-শিক্ষিকা,ছাত্র-ছাত্রী ও আওয়ামীলীগ ও অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ। আলোচনায় সভাপতিত্ব করেন মো: ঈমান আলী জোয়াদ্দার। অনুষ্ঠান সঞ্চালনা করেন ওয়াজেদ আলী।

আপডেটঃ গাংনীতে নির্বাচনী সংর্ঘষে দুজন নিহত ॥ আহত ২০ দেশীয় অস্ত্র উদ্ধার

মেহেরপুরের গাংনীতে দুই ইউপি সদস্য প্রার্থীর সমর্থকদের মধ্যে সংঘর্ষে সাহাদুল ও জাহারুল নামের আপন দুই ভাই নিহত হয়েছেন। এ সময় কমপক্ষে আহত হয়েছেন নারীসহ ২০ জন। সোমবার (০৮ নভেম্বর) সকাল ৯টার সময় এ ঘটনা ঘটে।

জানা যায়, গাংনী উপজেলার কাথুলী ইউনিয়ন পরিষদ নির্বাচনকে কেন্দ্র করে ৭ নং ওয়ার্ডের লক্ষি নারায়ণপুর ধলা গ্রামে ইউপি সদস্য পদপ্রার্থী ও বর্তমান মেম্বার আজমাইন হোসেন টুটুল ও সাবেক মেম্বার আতিয়ার রহমানের সমর্থকদের সংঘর্ষে আজমাইন হোসেন টুটুল পক্ষের সুলতান হোসেনের দুই ছেলে সাহাদুল (৫৫) ও জাহারুল (৫৭) নিহত হয়। আহত হয় অন্তত ২০ জন। আহতদের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ও কুষ্টিয়া মেডিকেলে পাঠানো হয়েছে।

নিহত সাহাদুলের মেয়ে সুবর্ণা খাতুন জানান, বর্তমান মেম্বার আজমাইন হোসেন টুটুলের লোকজন সকালে ভোট চাইতে গেলে আতিয়ার রহমানের লোকজন অতর্কিত হামলা করে। এতে ঘটনাস্থলেই নিহত হন সাহাদুল ও জাহারুল। নিহতদের বাড়ি ঘরেও হামলা চালানো হয়। ঘটনার পর পরই গাংনী র্যাব ক্যাম্প কমাণ্ডার এএসপি তারেক আমান বান্নার নেতৃত্বে র্যাবের একটি টীম ঘটনাস্থল পরিদর্শন করেন এবং আতিয়ার রহমানের বাড়ি থেকে সংঘর্ষে ব্যবহৃত ১১টি ধারালো অস্ত্র, ২টি টেটা, একটি বল্লম ও তিনটি মাথাল উদ্ধার করে। ক্যাম্প কমান্ডার বলেন, হত্যাকারীদেরকে আটকের জোর প্রচেষ্টা চালাচ্ছেন তারা।

সরেজমিনে গিয়ে দেখা গেছে, ধলা গ্রামটি পুরুষ শুণ্য। আতিয়ার গ্রুপের কোন নারী পুরুষ ঘরে নেই। যার যা ছিল তা নিয়েই পালিয়েছে। শুধু নিহতের পরিবারের লোকজন বিলাপ করছেন। গৃহবধু বিলকিছ জানান, টুটুল মেম্বর ও আতিয়ারের মধ্যে আধিপত্য নিয়ে দ্বন্দ্ব দীর্ঘ দিনের। এ কারণে ২০১০ সালে টুটুলের ভাই সেন্টু এবং ২০১৭ সালে এনামুল হক নইলু আতিয়ার রহমানের লোকজনের হাতে খুন হয়।

গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বজলুর রহমান জানান, লাশ দুটি ময়না তদন্তের জন্য মেহেরপুর জেনারেল হাসপাতাল মর্গে পাঠানো

হয়েছে। ঘটনা স্থলে পুলিশ মোতায়েন করা হয়েছে। বর্তমান পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে। এ ঘটনায় জিজ্ঞাসাবাদের জন্য ১২ জনকে থানায় নেয়া হয়েছে। কারো সম্পৃক্ততা পাওয়া গেলে তাদেরকে আটক দেখানো হবে।

মেহেরপুর পুলিশ সুপার রাফিউল আলম বলেন, সংঘর্ষের বিষয়টি শুনে ঘটনাস্থল পরিদর্শন করে এলাকায় পুলিশ র্যাব মোতায়েন করা হয়েছে। এ বিষয়ে আইনগত ব্যাবস্থা গ্রহণ করা হবে।

হরিণাকুণ্ডুতে আইন শৃঙ্খলা ও সন্ত্রাস নাশকতা প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠিত

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলা প্রশাসনের উদ্যোগে আইন-শৃঙ্খলা ও সন্ত্রাস নাশকতা প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার(৮ নভেম্বর)সকালে হরিণাকুণ্ডু উপজেলা পরিষদের সম্মেলন কক্ষ্যে অনুষ্ঠানের আয়োজন করা হয়।
উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা নাফিস সুলতানার সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে বক্তব্য দেন উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন,
এছাড়াও উপস্থিত ছিলেন,সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার মহি উদ্দীন,সহকারী কমিশনার (ভুমি) কর্মকর্তা সেলিম আহামেদ,উপজেলা পঃপঃ কর্মকর্তা ডা.জামিনুর রশিদ,থানা অফিসার ইনচার্জ(ওসি)আব্দুল রহিম মোল্লা, প্রেসক্লাব সভাপতি এম.সাইফুজ্জামান তাজু,ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম (শিলু),মহিলা ভাইস চেয়ারম্যান রেশমা খাতুন,
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জামাল হোসাইন,
কৃষি অফিসার হাফিজ আল হাসান, ভিআর ডিবি কর্মকর্তা আমজাদ হোসেন,যুব উন্নয়ন কর্মকর্তা বিল্লাল হোসেন, মৎস্য কর্মকর্তা(অতিরিক্ত দ্বাঃ)রফিকুল ইসলাম,মহিলা বিষয়ক কর্মকর্তা মুন্সী ফিরোজা সুলতানা,সমাজসেবা অফিসার শিউলি রানী,সমবায় অফিসার

মোছাঃ কামরুন্নাহার, ইউপি চেয়ারম্যান ফজলুর রহমান,রাকিবুল ইসলাম রাসেল, ছমিরুল ইসলাম, গোলাম মোস্তফা,মনজুর আলম মনজের, শরাফত দৌলা ঝন্টু প্রমূখ।
অনুষ্ঠানে আলোচকবৃন্দ বলেন, সমাজ থেকে চুরি, ছিনতাই, মাদক, সন্ত্রাস, জঙ্গিবাদ ও নারী ও শিশু নির্যাতন,বাল্যবিবাহ সহ সার্বিক বিষয়ে আলোচনা করা হয়।

গাংনীতে নির্বাচনী সহিংসতায় দুই ভাইকে হত্যা, ইউপি সদস্যসহ আহত ১০

মেহেরপুরের গাংনীতে নির্বাচনী সহিংসতায় আপন দুই ভাইকে কুপিয়ে হত্যা করেছে প্রতিপক্ষরা। এসময় ইউপি সদস্যসহ উভয় পক্ষের অন্তত ১০ জন আহত হয়েছে। সোমবার সকাল ১০ টায় গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের লক্ষীনারায়নপুর ধলাগ্রামে এ ঘটনা ঘটে।
নিহতরা হলেন, লক্ষীনারায়নপুর ধলাগ্রামের সুলতান মিয়ার ছেলে জাহারুল ইসলাম (৫৫) ও তার ভাই সাহাদুল ইসলাম (৫০)।
কাথুলী ইউনিয়নের লক্ষীনারায়নপুর ধলাগ্রামের বাসিন্দা ও বর্তমান ইউপি সদস্য আজমাইন হোসেন টুটুল জানান, গ্রামের মধ্যে ভোট চাইতে গেলে প্রতিপক্ষ ইউপি সদস্য প্রার্থী আতিয়ার রহমানের নেতৃত্বে তার সহযোগীরা দেশীয় ধারালো অস্ত্র নিয়ে হামলা করে। হামলায় তার কর্মী ও চাচাতো দুই ভাইকে কুপিয়ে হত্যা করে তারা। এসময় তিনি প্রান বাঁচাতে দৌড়ে পার্শবর্তী একটি বাড়িতে আশ্রয় নেন। পরে পুলিশ সদস্যরা তাকে উদ্ধার করে গাংনী হাসপাতালে ভর্তি করে। তিনি আরো জানান, কয়েকবছর আগে আমার ছোট ভাই এনামুল হোসেন নইলুকে কুপিয়ে হত্যা করে আতিয়ার রহমানসহ তার সহযোগিরা। সেই মামলা আদালতে বিচারাধীন রয়েছে।
এবিষয়ে বক্তব্য জানতে আতিয়ার রহমানের বাড়িতে গেলে তাকে পাওয়া যায়নী।
গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো: বজলুর রহমান জানান, সহিংসতার সংবাদ পেয়ে ঘটনাস্থলে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা

হয়েছে। দু’সহদরের মরদেহ উদ্ধার করা হয়েছে। বর্তমানে পরিবেশ শান্ত রয়েছে।

কোটচাঁদপুরে বিএনপি’র উদ্যোগে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালিত হয়েছে। রবিবার বিকালে ঐতিহাসিক ৭ নভেম্বর স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষার শপথে উপজেলা ও পৌর বিএনপির আয়োজনে স্থানীয় মেইন বাসষ্ট্যান্ড উপজেলা বিএনপি’র কার্যালয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা বিএনপি’র সভাপতি মোঃ আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র সিনিয়র সদস্য মোঃ আবু বকর বিশ্বাস। সভায় প্রধান বক্তা ছিলেন, পৌর বিএনপির সভাপতি ও সাবেক মেয়র এস.কে.এম সালাহ্উদ্দিন বুলবুল সিডল।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, পৌর বিএনপির সাধারণ সম্পাদক আবুল কাশেম, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক মোঃ লিয়াকত আলী, সাংগঠনিক সম্পাদক মোঃ হারুন অর রশিদ, পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক মীর্জা টিপু।

উপজেলা যুবদলের যুগ্ন-আহ্বায়ক রিপন শেখের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন, উপজেলা যুবদলের আহ্বায়ক আশরাফুজ্জামান খাঁন মুকুল, উপজেলা বিএনপি’র দপ্তর সম্পাদক শহিদুল ইসলাম, এলাঙ্গী ইউনিয়ন বিএনপি’র সভাপতি মোঃ ইকরামুল হক, সাফদারপুর ইউনিয়ন বিএনপি’র সভাপতি ফরিদ আহমেদ প্রমূখ। এসময় উপজেলা, পৌর ও ইউনিয়ন বিএনপি ও অঙ্গ সংগঠনের বিভিন্ন নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]

রয়েছে। অতিরিক্ত রক্ত ক্ষরণের কারণে হাসপাতালে নেয়ার আগেই তার মৃত্যু হয়েছে।

চুয়াডাঙ্গা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ মহসীন জানান, মরদেহের সুরতহাল প্রতিবেদন তৈরি করা হয়েছে। ওই ঘটনায় আইনগত বিষয়টি প্রক্রিয়াধীন।

এ ঘটনায় বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি শহিদুল কদর জোয়ার্দ্দার বলেন, রোববার এসএসসি পরীক্ষার্থীদের বিদায় অনুষ্ঠান চলছিল। অনুষ্ঠান শেষে বিদ্যালয়ের প্রধান শিক্ষাকের কক্ষ থেকে বাইরে বের হতেই দেখি আমাদের বিদ্যালয়ের এসএসসি পরীক্ষার্থী তপুকে কয়েকজন মিলে কুপিয়ে পালিয়ে যাচ্ছে। রক্তাক্ত অবস্থায় তাকে উদ্ধার করে সদর হাসপাতালে নেয়া হয়।

এদিকে, ঘটনার পরপরই বিক্ষুব্ধ জনতা অভিযুক্ত শিহাবের বাড়ি ঘরের আসবাবপত্র ভাঙচুর করে। পরে পুলিশ ঘটনাস্থলে গেলে পরিস্থিতি শান্ত হয়। নিহত তন্ময় আহমেদ তপু ৪ ভাই-বোনের মধ্যে সবার ছোট।

গাংনী সাব রেজিস্ট্রারের দুর্নীতির প্রতিবাদে দলিল লেখক সমিতির কলম বিরতি পালন

মেহেরপুরের গাংনী উপজেলা সাব রেজিস্ট্রারের অনিয়ম দুর্নীর্তি ও সেবা গ্রহিতাদের হয়রানীর প্রতিবাদে কলম বিরতি পালন করছেন দলিল লেখক সমিতি। আজ রবিবার সকাল থেকে কলম বিরতি পালন শুরু করেছে। চলবে আগামী বুধবার পর্যন্ত। পরবর্তীতে আরো কর্মসুচী দেয়া হতে পারেন বলেন দলিল লেখক সমিতির পক্ষ থেকে জানানো হয়েছে। এব্যপারে প্রশাসনের বিভিন্ন দপ্তরে স্বারকলিপি প্রদান করেছে দলিল লেখক বৃন্দ।
জানাগেছে, সাবরেস্ট্রিার মাহফুজ রানা গাংনীতে যোগদানের পর থেকে বিভিন্ন অজুহাতে অর্থবানিজ্য,সেবা গ্রহিতা ও দলিল লেখকদের হয়রানি করে আসছিল। তারই প্রতিবাদ ও সাব রেজিস্ট্রারের অপসারণ

দাবীতে কর্মবিরতি শুরু হয়েছে।
দলিল লেখক সমিতির লিখিত অভিযোগ সুত্রে জানাগেছে, গাংনী সাব রেজিস্টার মাহফুজ রানা অফিসে যোগদানের পর থেকে সকল নিয়নীতি উপেক্ষা করে মনগড়া আইন প্রয়োগসহ ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়ন গ্রহন না করা,রেজিস্ট্রার জন্য ৩ হাজার টাকা থেকে ১০ হাজার টাকা পর্যন্ত ঘুষ গ্রহন করা,সাধারণ মানুষকে অহেতুক পুলিশি হয়রানীর ভয়ভীতি প্রদর্শন,ভিজিট কমিশনে দলিল রেজিস্ট্রির জন্য ২৫ থেকে ৫০ হাজার টাকা ঘুষ গ্রহন করেন মাহফুজ রানা।
এসময় উপজেলা দলিল লেখক সমিতির সভাপতি মোঃ ফাকের আলী,সাধারণ সম্পাদক নজরুল ইসলামসহ সকল দলিল লেখক বৃন্দরা উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা বিএনপি উদ্যোগে বিপ্লব ও সংহতি দিবস পালন

মেহেরপুরে জেলা বিএনপি উদ্যোগে বিপ্লব ও সংহতি দিবস পালন করা হয়েছে। রবিবার সকাল সাড়ে দশটার সময় মেহেরপুর জেলা বিএনপির কার্যালয়ের সামনে দিবসটি উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এ সময় জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন বলেন, ৭ই নভেম্বরের চেতনায় দেশ বাঁচাও মানুষ বাঁচাও এই সংগ্রামে সকলকে অংশগ্রহণ করতে হবে। তিনি আরও বলেন, অবিলম্বে দেশের সংকট মোকাবেলায় নিরপেক্ষ নির্বাচনের মধ্য দিয়ে জনগণের ভোটের অধিকার প্রতিষ্ঠা করতে হবে। গণমাধ্যমের স্বাধীনতা দিতে হবে। পররাষ্ট্রনীতিতে বিদেশের প্রভুত্বনীতি বর্জন করতে হবে।

জেলা বিএনপি’র সভাপতি মাসুদ অরুন এর সভাপতিত্বে, মেহেরপুর পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস এর সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি আব্দুর রহমান, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, মুজিবনগর উপজেলা বিএনপি’র সভাপতি ও সাবেক উপজেলা চেয়ারম্যান আমিরুল ইসলাম, সদর উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রহিম, সদর উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক

শাহাবুদ্দিন মোল্লা, মেহেরপুর জেলা তাঁতী দলের সভাপতি আরজুল্লাহ মাস্টার বাবলু, মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা ছাত্রদলের সহ-সভাপতি আকিব জাভেদ প্রমুখ। এসময় জেলা ও উপজেলার বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুর পৌরসভার ৫ নং ওয়ার্ড কাউন্সিলর জাফর ইকবাল এর ইন্তেকাল

মেহেরপুর পৌরসভার ৫ নং ওয়ার্ড কাউন্সিলর জাফর ইকবাল ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন) রবিবার সকালে মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মৃত্যুবরণ করেন। তিনি দীর্ঘদিন ধরে ক্যান্সারে আক্রান্ত ছিলেন ।